

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ই-সার্ভিস ইমপ্লিমেন্টেশন শাখা  
www.ictd.gov.bd

তারিখ: ৯ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
২৪ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫৮.০৬.০০১.২২.১০৩

বিষয়: স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স-এর ১ম সভার ৮.৩ নং সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের স্মারক নং-৫৬.০০.০০০০.০৫৮.০৬.০০১.২২.৯৫; তারিখ-২১/০৮/২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে গত ০৩ আগস্ট ২০২৩ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের চেয়ারপারসন এর নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স-এর ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত নং ৮.৩ এ মোট ১৫টি উপ-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় (সূত্রস্থ কার্যবিবরণী সদয় দ্রষ্টব্য)। তন্মধ্যে সিদ্ধান্ত ৮.৩ (০২) নিম্নরূপ:

ক্রম	উপ-কমিটি	উপ-কমিটির আহ্বায়ক
০২.	স্মার্ট শিক্ষা, স্বাস্থ্য, দক্ষতা এবং কর্মসংস্থান;	মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

উপ-কমিটিসমূহের কার্যপরিধি :

- ক) ১. গঠিত উপ-কমিটির আহ্বায়ক দ্রুত সময়ের মধ্যে তাঁর অধিক্ষেত্রের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থা/এজেন্সি/একাডেমিয়া/ব্যবসায়িক সংগঠনের উপযুক্ত প্রতিনিধি/অংশীজনের সমন্বয়ে উপ-কমিটি গঠন করবেন;
  ২. উপ-কমিটি তার অধিক্ষেত্রে স্মার্ট বাংলাদেশ-২০৪১ বিনির্মাণের সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহ চিহ্নিত করবে;
  ৩. চিহ্নিত ক্ষেত্রসমূহের উদ্দেশ্য, সমস্যা, সম্ভাবনা এবং করণীয় নির্ধারণ করবে;
  ৪. নিজ অধিক্ষেত্রের বাইরে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, বেসরকারি খাত/সংস্থা এবং শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সম্পর্কযুক্ত (cross-cutting) বিষয়সমূহ চিহ্নিত করবে;
  ৫. স্মার্ট বাংলাদেশ ২০৪১ বাস্তবায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন করবে;
  ৬. প্রণয়নকৃত কর্মপরিকল্পনার বাস্তবায়ন তদারকি করবে;
  ৭. কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ষাণ্মাসিক ভিত্তিতে স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সকে অবহিত করবে।
- খ) উপ-কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে অনুষ্ঠিত হবে। তবে, বিশেষ প্রয়োজনে যেকোন সময় সভা আয়োজন করতে পারবে।
- গ) উপ-কমিটি প্রয়োজনে অন্য কোন সদস্য কো-অপ্ট করতে পারবে।  
(বাস্তবায়নে : মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)

০১। এমতাবস্থায়, স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স-এর ১ম সভার সিদ্ধান্ত ৮.৩ বাস্তবায়নের নিমিত্ত উপ-কমিটির ক্রমিক নং ০২ অনুযায়ী তাঁর মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থা/এজেন্সি/একাডেমিয়া/ব্যবসায়িক সংগঠনের উপযুক্ত প্রতিনিধি/অংশীজনের সমন্বয়ে উপ-কমিটি গঠনপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

*Mehedi*

২৪-০৮-২০২৩

ড. মুহম্মদ মেহেদী হাসান

যুগ্মসচিব

+৮৮-০২-৪১০২৪০৫১

mehedi@ictd.gov.bd

সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৫৮.০৬.০০১.২২.১০৩/১ (৩)

তারিখ: ৯ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
২৪ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব, ডিজিটাল গভর্নেন্স ও সিকিউরিটি অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- ২। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয় এবং
- ৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।



সকল সংযুক্তিসমূহ:

(১)

*Mehedi*

২৪-০৮-২০২৩

মোঃ নবীর উদ্দীন

সিনিয়র সিস্টেম এনালিস্ট